

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৭৪

আগরতলা, ১২ ডিসেম্বর, ২০২৩

## ১৭ ডিসেম্বর থেকে উইকেন্ড ট্যুরিস্ট হাব

আগামী ১৭ ডিসেম্বর থেকে উইকেন্ড ট্যুরিস্ট হাব পুনরায় চালু হবে। রাজ্যের পর্যটন শিল্পকে আরও বেশি আকর্ষণীয় করে তোলার জন্য উজ্জয়ন্ত প্রাসাদের সামনে উইকেন্ড ট্যুরিস্ট হাব চালু করা হয়েছিল। দুর্গাপূজা ও দেওয়ালি উপলক্ষে কিছুদিন এই উইকেন্ড ট্যুরিস্ট হাব বন্ধ ছিল। বর্তমানে তা পুনরায় চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের পক্ষ থেকে জানানো হয়েছে, ১৭ ডিসেম্বর থেকে উইকেন্ড ট্যুরিস্ট হাব চালুর পরিপ্রেক্ষিতে পর্যটকদের সুবিধার জন্য নতুন কয়েকটি সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে।

পর্যটন উন্নয়ন নিগম থেকে জানানো হয়েছে, এখন থেকে শুধুমাত্র রবিবার বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত উইকেন্ড ট্যুরিস্ট হাব চালু থাকবে। উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণ এলাকায় নো পার্কিং জোন কার্যকর থাকবে না। উজ্জয়ন্ত প্রাসাদের মূল ফটকের ডানদিকে খালি জায়গায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। পর্যটকদের সুবিধার জন্য ঐ এলাকায় সাদা পোশাকে পুলিশ টহলদারি, ওয়াচ টাওয়ার থেকে পর্যবেক্ষণ ও সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*